দর্শনা সীমান্তে থেকে প্রায় সাড়ে ১১লক্ষ টাকার রুপার গহনা উদ্ধার

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার সীমান্তবর্তী দর্শনা থানার ফুলবাড়ী গ্রামের মাঠ থেকে ৮কেজি ৮০০ কেজি (৭৫৪ ভরি) ওজনের উন্নত মানের রুপার গহনা উদ্ধার করেছে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন।

শুক্রবার বিকাল ৫টার দিকে সীমান্তের ১০০গজ বাংলাদেশের অভ্যন্তরের ফুলবাড়ী গ্রামের মাঠের একটি পাট ক্ষেত থেকে পরিত্যাক্ত অবস্থায় এই গহনা উদ্ধার করা হয়।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের পরিচালক শাহ মোঃ ইশতিয়াক, পিএসসি শুক্রবার সন্ধ্যায় এক প্রেস বিজ্ঞতিতে জানান, গোপন সংবাদের ভিত্তিতে তিনি জানতে পারেন ফুলবাড়ী মাঠের মধ্যে দিয়ে রুপার একটি বড় চালান পাচার করা হচ্ছে।

এমন সংবাদের ভিত্তিতে তিনি সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানার ফুলবাড়ী সীমান্তের মেইন পিলার ৮৫ হতে আনুমানিক ১০০ গজ বাংলাদেশে অভ্যন্তরে ফুলবাড়ী মাঠের একটি পাট ক্ষেতে অভিযান চালিয়ে পরিত্যক্ত অবস্থায় ৮কেজি ৮০০ গ্রাম (৭৫৪ ভরি) ওজনের ভারতীয় তৈরী রুপার গহনা উদ্ধার করে।

উদ্ধারকৃত গহনার আনুমানিক মূল্য ১১ লক্ষ ৩১ হাজার টাকা। এব্যপারে নায়েব সুবেদার মোস্তাফিজুর রহমান বাদী হয়ে দর্শনা থানায় মামলা দায়ের করেছে। উদ্ধারকৃত গহনা চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা দেওয়া হয়েছে।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির মেহেরপুর প্রতিদিনকে বলেন এ রুপা উদ্ধকরের ঘটনায় এখনো পর্যন্ত কোন মামলা দেয়নি বিজিবি।

সাংবাদিক রুবেল হত্যাকান্ডে পুলিশের নির্লিপ্ততা ও ব্যর্থতা সাংবাদিকদের ভাবিয়ে তুলেছে

কুষ্টিয়ার সাংবাদিক হাসিবুর রহমান রুবেলের হত্যাকারীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবীসহ সারাদেশে সাংবাদিকদের হামলা, মামলা, গ্রেফতার ও নির্যাতনের বিরুদ্ধে মেহেরপুর প্রেসক্লাবের উদ্যোগে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর প্রেসক্লাবের সভাকক্ষে এ প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, সাবেক সভাপতি আলামিন হোসেন, প্রেসক্লাবের উপদেষ্টা তুহিন আরণ্য, কামারুজ্জামান খান, সহসভাপতি ফারুক মল্লিক, গোলাম মোস্তফা, সদস্য জুলফিকার আলী কানন, আবু আক্তার করণ, বেন আমিন মুক্ত, মেহের আমজাদ, রামিজ আহসান প্রমুখ।

প্রেস ক্লাবের দফতর সম্পাদক মনিরুল ইসলামের সঞ্চালনায় প্রতিবাদ সমাবেশে বক্তারা বলেন, কালো টাকার মালিক ও সন্ত্রাসীদের হাতে সাংবাদিক হত্যার ঘটনা শুধুমাত্র বাংলাদেশেই হয়। বিশ্বের কোনো দেশে সন্ত্রাসীদের হাতে সাংবাদিক খুন হয়না।

সাংবাদিক রুবেল হত্যার ঘটনায় কুষ্টিয়ার পুলিশের নির্লিপ্তিতার অভিযোগ এনে বক্তারা বলেন, এই তরুণ সাংবাদিকের হত্যাকান্ডের বিষয় কুষ্টিয়ার পুলিশের হাত আছে কিনা সেটাও খুজে দেখতে হবে। একটি ফোন কল দিয়ে সাংবাদিক রুবেলকে ডেকে নেয়া হয়েছিল। তারপর থেকে ৪ দিন গড়িয়ে গেলেও পুলিশ নিখোঁজ সাংবাদিক রুবেলের ব্যাপারে কোনো পদক্ষেপ নেননি।

রুবেলের বিষয়ে কুষ্টিয়া পুলিশের ব্যার্থতা ও নিরাবতা নিয়ে সাংবাদিকদের এখন ভাবিয়ে তুলেছে বলেও মনে করেন সাংবাদিকরা। বক্তারা বলেন, রুবেলের নিখোঁজ ও লাশ উদ্ধার, এক ঘন্টার মধ্যে সমাধান সম্ভব ছিলো।

কুষ্টিয়ার পুলিশের ভূমিকা জিডি হওয়া থেকে শুরু করে এখন পর্যন্ত রহস্যজনক। আগামী ঈদের পর সাংবাদিকদের সকল সংগঠনকে একসাথে নিয়ে বৃহত্তর কর্মসূচী বাস্তবায়ন করা হবে।

দড়ি টেনে উল্টো রথযাত্রার উদ্বোধন করলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী

উল্টো রথযাত্রা অনুষ্ঠানের মধ্য দিয়ে মেহেরপুরে ইসকন প্রচার কেন্দ্রের উদ্দ্যোগে আয়োজিত অনুষ্ঠানমালার সমাপ্তি হয়েছে ।

আজ শুক্রবার (৮ জুলাই) বিকালে মেহেরপুর শহরের শ্রীশ্রী হরিভক্তি প্রদায়িনী পূজা মন্দির থেকে উল্টো রথযাত্রা বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষ হয়।

দড়ি টেনে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুরে-১ আসনের জাতীয় সংসদ সদস্য ফরহাদ হোসেন উল্টো রথ যাত্রার উদ্বোধন করেন।

মেহেরপুর জেলা পূজা উদযাপন পরিষদের আহ্বায়ক ও মেহেরপুর জজ কোর্টের পাবলিক প্রশিকিউটর (পিপি)পল্লব ভট্টাচার্যের নেতৃত্বে ইসকন প্রচার কেন্দ্রের রথযাত্রায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, ইসকনের মেহেরপুর শাখার পরিচালক সুমহান মুকুন্দ ব্রহ্মচারী, সাংস্কৃতিক কর্মী শাশ্বত স্বপন চক্রবর্ত্তী উপস্থিত ছিলেন।

এসময় হিন্দু সম্প্রদায়ের শত শত ভক্ত উল্টো রথযাত্রায় অংশগ্রহণ করেন।পরে ভক্তদের মাঝে প্রসাদ বিতরণ করা হয়।

দর্শনায় প্রেস স্ট্রিকার লাগানো মাইক্রোবাস থেকে ২২৮ বোতল ফেনসিডিলসহ দুজন আটক

দর্শনায় প্রেস স্ট্রিকার লাগানো মাইক্রোবাসে তল্লাশী অভিযান চালিয়ে ২২৮ বোতল ফেনসিডিলসহ দুজনকে আটক করেছেন দর্শনা থানা পুলিশ।

আটকরা হলেন চুয়াডাঙ্গার দর্শনা উপজেলার দক্ষিণ চাঁদপুর বাসস্যান্ডপাড়া এলাকার আব্দুল মালেক মন্ডলের ছেলে আবু সাঈদ (৩৮) ও মহাম্মদপুর গ্রামের নুরুল ইসলামের ছেলে আরিফুল ইসলাম (২৮)।

বৃহস্পতিবার (৭ জুলাই)ভোর সাড়ে ৫ টার দিকে দর্শনা পৌরসভার হিজলগাড়ি সড়কের দোয়েল ইটভাটার সামনে এ অভিযান চালান পুলিশ।

দর্শনা থানার এসআই(নিঃ) সুমন্ত বিশ্বাস, এএসআই(নিঃ) মোঃ আবু বক্কর সিদ্দিক ও সঙ্গীয় ফোর্সসহ অভিযানে অংশ নেন।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীর জানান, দর্শনার আলোচিত কন্ঠ’র প্রেস ষ্টিকার লাগানো মাইক্রোবাসে করে ওই দুই ফেনসিডিল নিয়ে যাচ্ছিল। গোপন সংবাদে পুলিশের একটি টীম মাইক্রোবাসটিতে তল্লাশী অভিযান চালান।এসময় ওই মাইক্রোবাসের মধ্যে সীটের নিচ থেকে ২২৮ বোতল ফেনসিডিল উদ্ধার হয়।এসময় ওই দুই মাদক ব্যবসায়ীকে আটক ও মাইক্রোবাসটি জব্দ করা হয়।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হয়েছে।

দর্শনায় গাজাসহ একজন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে ১ কেজি গাজাসহ আনিছুর রহমান (৪৪) কে গ্রেফতার করেছে।

শুক্রবার বেলা ১২ টার দিকে অভিযান চালায় কুড়ালগাছি মাধ্যমিক বিদ্যালয়ের জামাল হোসেনের চায়ের দোকানের সামনে এ অভিযান চালান।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীর জানান, দর্শনা থানার এসআই(নিঃ) মোঃ হারুন উর রশিদ পিপিএম,এর নেতৃত্বে এএসআই(নিঃ) মোঃ সানোয়ার হোসেন, এএসআই(নিঃ) মোঃ হাসানুল বান্না সঙ্গীয়ফোর্সসহ দর্শনার কুড়ালগাছি মাধ্যমিক বিদ্যালয়ের কামালের চায়ের দোকানের সামনে অভিযান চালিয়ে তাকে আটক করেন। মাদক আইনে মামলা দিয়ে শুক্রবার দুপুরে চুয়াডাঙ্গা জেল হাজতে প্রেরন করেছে।

মুজিবনগরে মোবাইল ফোন কিনে না দেওয়ায় এএসসি পরীক্ষার্থীর আত্মহত্যা

মোবাইল ফোন কিনে না দেওয়ায় আয়েশা আক্তার রিতু (১৫) নামের এসএসসি পরীক্ষার্থী গলাই ওড়না পেচিয়ে আত্মহত্যা করেছেন।

আয়েশা আক্তার রিতু মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের উত্তরপাড়া এলাকার রাজমিস্ত্রি রিপন মন্ডলের মেয়ে ও স্থানীয় দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে চলতি বছরের এসএসসি পরীক্ষার্থী।

আজ শুক্রবার (৮ জুলাই) দুপুরের দিকে টিনের ঘরে নিজ কক্ষের আড়ার সাথে ওড়না পেঁচানো ঝুলন্ত মরদেহ দেখে পুলিশকে খবর দিলে মুজিবনগর থানা পুলিশের একটি ইউনিট তার মরদেহ উদ্ধার করে। তবে, কোনো অভিযোগ না থাকায় পরিবারের লোকজনের কাছে মরদেহ হস্তান্তর করা হয়েছে।

দারিয়াপুর ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের সাবেক মেম্বর মাসুদ রানা মানিক রিতুর মা কবিতা খাতুনের উদ্ধৃতি দিয়ে জানান, মায়েশা আক্তার রিতু বেশ কিছুদিন যাবৎ একটি মোবাইল ফোন নেওয়ার জন্য পিতা মাতার কাছে চাপ দিয়ে আসছিলো। এই সময়ে পিতা মাতার হাতে টাকা পয়সা নেই। এছাড়া

এসএসসি পরীক্ষার পরে তাকে মোবাইল ফোন কিনে দেবেন বলে জানিয়েছিলেন পিতা মাতা। মোবাইল ফোন কিনে না দিলে আত্মহত্যা করবে বলেও আজ সকালের দিকে বাবা মাকে হুমকী দিয়েছিল রিতু। বাবা ঘরে না থাকার সুযোগে রিতু নিজ কক্ষের আড়ার সাথে ওড়না পেচিয়ে আত্মহত্যা করে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা রাসেল মেহেদী জানান, কোনে অভিযোগ না থাকায় ময়না তদন্ত ছাড়াই নিহতের মরদেহ পিতা মাতার নিকট দেওয়া হয়েছে। এব্যাপারে থানায় একটি অপমৃত্যু মামলা নেওয়া হয়েছে।

দামুড়হুদায় কাঠ বোঝায় পাওয়ার টিলার উল্টে চালক নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় কাঠ বোঁঝাই পাওয়ার টিলার নিচে পড়ে চালক শামিম হোসেন (২২) নিহত ।

আজ ৮ জুলাই শুক্রবার সকাল ৬টার দিকে দামুড়হুদা ওদুদ শাহ ডিগ্রি কলেজের সমনে এই দুর্ঘটনা ঘটে। নিহত শামিম হোসেন জীবননগর উপজেলার খয়েরহুদা গ্রামের মনিরুল ইসলামের ছেলে।

নিহতের ভাই শাওন হোসেন বলেন, ফজরের আজানের সময় তার ভাই কাঠ বোঝাই পাওয়ার টিলার নিয়ে আলমডাঙ্গার দিকে যাচ্ছিল। এমন সময় জীবননগর-চুয়াডাঙ্গা মহাসড়কের দামুড়হুদা ওদুদ শাহ ডিগ্রি কলেজের সমনে পৌছালে অতিরিক্ত কাঠ বোঁঝায় পাওয়ার টিলারের একসেল ভেঙ্গে পাওয়ার ট্রিলারের নিচে পড়ে শরীর থেকে ডান পা বিচ্ছিন ও মাথায় প্রচন্ড আঘাত পেয়ে ঘটনা স্থলেই মারা যায়। খবর পেয়ে দামুড়হুদা মডেল থানা পুলিশ মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে আসে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, অতিরিক্ত কাঠ বোঝাঁয়ের কারনে একসেল ভেঙ্গে এই দুর্ঘটনা ঘটেছে।

গাংনী পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর পদের উপনির্বাচনের প্রতীক বরাদ্দ

গাংনী পৌরসভার ৭ নং ওয়ার্ডের কাউন্সিলর পদের উপনির্বাচনের প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেওয়া হয়েছে।

আজ শুক্রবার (৮ জুলাই) সকাল ১০ টার দিকে মেহেরপুর জেলা নির্বাচন অফিসার ও গাংনী পৌরসভার ৭ নং ওয়ার্ডের কাউন্সিলর উপনির্বচানের রিটার্নিং অফিসার আবু আনছার প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেন।

শ্রমিকলীগ নেতা মুতালেব হোসেন (পাঞ্জাবী প্রতীক), সাবেক কাউন্সিলর বদরুল আলম বদু টেবিল ল্যাম্প প্রতীক), সানোয়ার হোসেন (পানির বোতল প্রতীক) ও শফি উল ইসলাম (উটপাখি প্রতীক) পেয়েছেন।

এদিকে প্রতীক বরাদ্দের পরপরই প্রার্থীরা তাদের কর্মী সমর্থকদের নিয়ে নির্বাচনী ময়দানে ভোট যুদ্ধে নেমে পড়েছেন।

উপনির্বাচনের রিটার্নিং অফিসার আবু আনছার জানান গাংনী পৌরসভার ৭ নং ওয়ার্ডের কাউন্সিলর পদের প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেয়া সম্পন্ন হয়েছে।

উৎসবমুখর পরিবেশে অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ পরিবেশে ভোট গ্রহণের জন্য সব ধরণের প্রস্তুতি গ্রহণ করছে নির্বাচন কমিশন।

উল্লেখ্য, গত ২৫ মার্চ গাংনী পৌরসভার ৭ নং ওয়ার্ডের কাউন্সিলর মকছেদ আলীর মৃত্যুর পর এই পদটি শুণ্য ঘোষণা করে নির্বাচনী তফশীল ঘোষণা করেন নির্বাচন কমিশন।

আগামী ২৭ জুলাই গাংনী পৌরসভার ৭ নং ওয়ার্ডের উপনির্বাচন অনুষ্ঠিত হবে।

মেহেরপুর উপজেলা পরিষদ

ভাইসচেয়ারম্যান পদের উপনির্বাচনের প্রতীক বরাদ্দ

মেহেরপুর সদর উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান পদের উপনির্বাচনের প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেওয়া হয়েছে।
আজ শুক্রবার (৮ জুলাই) সকাল ১০ টার দিকে মেহেরপুর জেলা নির্বাচন অফিসার ও সদর উপজেলা পরিষদ উপনির্বাচনের রিটানির্‌ং অফিসার আবু আনছার প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেন।

মেহেরপুর জেলা যুবলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব নিসান সাবের মাইক প্রতীক, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক শামীম উদ্দীন (টিউওয়েল প্রতীক), আওয়ামীলীগ নেতা আবুল হাসেম (চশমা প্রতীক) ও আলফাজ উদ্দীন (তালা প্রতীক) পেয়েছেন।

এদিকে প্রতীক বরাদ্দের পরপরই প্রার্থীরা তাদের কর্মী সমর্থকদের নিয়ে নির্বাচনী ময়দানে ভোট যুদ্ধে নেমে পড়েছেন।
উপনির্বাচনের রিটানির্‌ং অফিসার আবু আনছার জানান ভাইসচেয়ারম্যান পদের প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ দেয়া সম্পন্ন হয়েছে।
উৎসবমুখর পরিবেশে অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ পরিবেশে ভোট গ্রহণের জন্য সব ধরণের প্রস্তুতি গ্রহণ করছে নির্বাচন কমিশন।

উল্লেখ্য, গত ১৫ জুন মেহেরপুর উপজেলা ভাইসচেয়ারম্যান মোমিনুল ইসলাম পদত্যাগ করে নবগঠিত বারাদী ইউনিয়ণ পরিষদের চেয়ারম্যান পদের প্রার্থী হওয়ায় এই পদটি শুণ্য ঘোষণা করে নির্বাচনী তফশীল ঘোষণা করেন নির্বাচন কমিশন।
আগামী ২৭ জুলাই মেহেরপুর সদর উপজেলা ভাইসচেয়ারম্যান উপনির্বাচন অনুষ্ঠিত হবে।

মেহেরপুরে ৬ মাসের সাজাপ্রাপ্ত

[redacted]

[redacted]

[redacted]

[redacted]